আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে অভিযানের জন্য প্রস্তুত পুলিশ: সদর দপ্তর



ছবি: সংগৃহীত

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে যেকোনো ধরনের অভিযানের জন্য পুলিশ প্রস্তুত রয়েছে বলে জানিয়েছে পুলিশ সদর দপ্তর। যৌথ বাহিনীর অভিযানের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশনা পেলেই আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

বুধবার (৩০ সেপ্টেম্বর) পুলিশ সদর দপ্তরের বাহিনীর মুখপাত্র এইচ এম শাহাদাত হোসাইন এ তথ্য জানান।

তিনি বলেন, অবৈধ অস্ত্র উদ্ধার ও চাঁদাবাজি বন্ধে মার্চ থেকেই নিয়মিত অভিযান পরিচালনা করছে পুলিশ। পাশাপাশি যৌথ বাহিনীর অভিযানের জন্যও বাহিনী প্রস্তুত রয়েছে। নির্দেশনা পাওয়ার পরপরই পরিস্থিতি অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে জানান তিনি।

LENS ASIA